**Cosmo School**

নবম ও দশম শ্রেণি

বাংলা ২য়পত্র

---

সংক্ষিপ্ত উত্তর খাতায় লিখো:

১. 'আদি স্বরাগমের' সংজ্ঞা লিখ ।
২. ভ্রু > ভুরু এখানে কোন ধ্বনির মধ্য স্বরাগম হয়েছে ?
৩. শ্লোক > শোলক এখানে কোন ধ্বনির মধ্য স্বরাগম হয়েছে ?
৪. ই-কার বা উ-কার আগে উচ্চারণ করার রীতিকে কী বলে ?
৫. য়-শ্রুতি বা ব-শ্রুতি কী ?
৬. 'শব্দ মধ্যে কোনো কোনো সময় কোনো ব্যঞ্জন পরিবর্তিত হয়ে নতুন ব্যঞ্জনধ্বনি ব্যবহৃত হয় ।' এটি কোন ধরনের ধ্বনি পরিবর্তন ?
৭. শুনিয়া > শুনে এটি কোন ধরনের ধ্বনি পরিবর্তন ?
৮. তর্ক > তক্ক এটি কোন ধরনের ধ্বনি পরিবর্তন ?
৯. 'পরাগত' স্বরসঙ্গতি কাকে বলে ?
১০. সম্প্রকর্ষের অন্য নাম কী ?
১১. 'ধ্বনি বিপর্যয়ের ' সংজ্ঞা লিখ ।
১২. সমীভবনের একটি উদাহরণ দাও ।
১৩. তিন প্রকার সমীভবনের নাম লিখ ।
১৪. দুটো সমবর্গের একটির পরিবর্তনকে কী বলে ?
১৫. দ্বিত্ব ব্যঞ্জনের একটি উদাহরণ দাও ।

ধ্বনি পরিবর্তনের যে যে বিধানে নিম্নলিখিত শব্দসমূহ গঠিত হয়েছে তা লিখ :

১৬. কপাট
১৭. জেলে
১৮. বৌদি
১৯. আলাদা
২০. আজ